# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : গালিব চৌধুরী
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা

সভার তারিখ ও সময় : ১৬.০৭.২০২৬ খ্রিষ্টাব্দ,

সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমতিক্রমে হিসাবরক্ষণ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | Improving Urban Governance and Infrastructure development Project (IUGIP) প্রকল্পের আওতায় চলমান কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে Ashian Development Bank (ADB) ও Agency Franceses de development (AFD)'র রিভিউ মিশন টিমের ফিল্ড ভিজিট সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম/ব্যবস্থা গ্রহণ : | হিসাবরক্ষণ কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা) জনাব মোহাম্মদ লিয়াকত আলী ও সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ সভায় জানান যে, বাংলাদেশ সরকার, The Asian Development Bank (ADB) ও The Agency Francaise de development (AFD)'র আর্থিক সহায়তায় অত্র পৌরসভায় চলমান Improving Urban Governance and Infrastructure development Project (IUGIP) প্রকল্পের Governance এবং Infrastructure এর সার্বিক কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে The Agency Francaise de development (AFD) ও The Agency Francaise de development (AFD) এর বিদেশী রিভিউ মিশন টিম ২০ জুলাই ২০২৬ তারিখে চুনারুঘাট পৌরসভায় পরিদর্শনে আসবেন মর্মে প্রকল্প পরিচালকের কার্যালয় হতে জানানো হয়েছে । মিশন টীম তাঁদের সফরসূচী অনুযায়ী দিনব্যাপী বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহন করবেন। উক্ত মিশন টীমে উন্নয়ন সহযোগী ফ্রান্স এর মান্যবর রাষ্ট্রদূত, AFD'র সম্মানীত কান্ট্রি ডিরেক্টর, ADB'র মিশন টীম লিডার, বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ দেশি-বিদেশি কর্মকর্তাবৃন্দ/প্রতিনিধিগণ অংশগ্রহণ করবেন।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। পৌরসভার সার্বিক কার্যক্রম, নাগরিক অংশগ্রহণ, অবকাঠামো উন্নয়ন, সামাজিক উন্নয়ন কার্যক্রম, দারিদ্র হ্রাসকরণ, জেন্ডার সমতাসহ প্রকল্পের সার্বিক অগ্রগতি আন্তর্জাতিক প্রতিনিধিদের নিকট যথাযথভাবে উপস্থাপনের লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সকল সদস্যগন মত প্রকাশ করেন।<br><br>সভাপতি ও পৌর প্রশাসক জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ন। প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় রাস্তা, ড্রেন ও অন্যান্য অবকাঠামো উন্নয়নের কাজ চলমান আছে এবং আরো কাজ করার সুযোগ রয়েছে। Review Mission Team এর সন্তুষ্টির উপর প্রকল্পের আওতায় পরবর্তী বরাদ্দ প্রাপ্তীর বিষয়টি নির্ভর করবে। এর সাথে চুনারুঘাট পৌরসভার তথা অত্রাঞ্চলের বৃহৎ স্বার্থ এবং বাংলাদেশের ভাবমুর্তি জড়িত রয়েছে। কাজেই প্রকল্প পরিচালকের কার্যালয়ের দিকনির্দেশনা/পরামর্শ অনুযায়ী মিশন সফল করার লক্ষ্যে সকল ধরনের কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন করতে হবে। উপস্থিত সকল সদস্যগণ ও এ বিষয়ে একমত পোষন করেন এবং এ বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহন ও যথাযথভাবে বাস্তবায়নের পক্ষে মত প্রকাশ করেন। | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত ১.১ : আগত দেশি-বিদেশি সম্মানিত অতিথিবৃন্দকে পৌর এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের 'স্কাউট' ও 'গার্লস গাইড' দলের অংশগ্রহনে ফুলেল শুভেচ্ছা ও আনুষ্ঠানিক সংবর্ধনা প্রদান করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.২ : প্রকল্প পরিচালকের কার্যালয়ের পরামর্শ অনুযায়ী - সম্মানীত অতিথিগণ সকালে পৌরসভা কার্যালয়ে পৌছানোর পর পরই, অতিথিগনের মর্যাদা ও প্রোটোকল বিবেচনায় উন্নতমানের নাস্তা ও আপ্যায়নের ব্যবস্থা করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৩ : চুনারুঘাট উপজেলা পরিষদ সভাকক্ষে পৌরসভার বিশেষ টিএলসিসি সভা আয়োজন করা হবে এবং সভায় সকল সদস্যগণের উপস্থিতি নিশ্চিত করা হবে। টিএলসিসি'র সভায় আগত সদস্যগনের জন্য উন্নতমানের নাস্তার ব্যবস্থা করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৪ : চন্ডি চা বাড়ান বাংলোতে Review Mission Team'র ফ্রান্সের মান্যবর রাষ্ট্রদূত, AFD'র কান্ট্রি ডিরেক্টর, ADB'র মিশন টীম লিডার, বাংলাদেশ সরকারের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ দেশি-বিদেশি কর্মকর্তা/ প্রতিনিধি , তাদের সফরসঙ্গী ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ মোট ১০০ (একশত) জনের জন্য আন্তর্জাতিক মানসম্মত উন্নতমানের মধ্যাহ্নভোজের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৫ : Review Mission Team কর্তৃক IUGIP প্রকল্পের আওতায় বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন বিভিন্ন অবকাঠামো উন্নয়ন প্রকল্প সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৬ : মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মোমিনপুর- গোগাউড়া নিম্নআয় এলাকা উন্নয়ন কমিটির প্রাথমিক প্রাথমিক দল ও লিনিক সদস্যগনকে নিয়ে বিশেষ সভা আয়োজন করা হবে। Review Mission Team উক্ত সভায় অংশগ্রহন ও তাদের কার্যক্রম মূল্যায়ন করবে । LINIC সদস্যদের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৭ : মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে স্থানীয় সংস্কৃতি ও ঐতিহ্য তুলে ধরার লক্ষ্যে মনিপুরী , চা-শ্রমিক ও অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিল্পী দলসহ স্থানীয় বিভিন্ন সংগীত একাডেমীর শিল্পীদের অংশগ্রহনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। ঝড়বৃষ্টির সম্ভাবনার বিষয়টি বিবেচনায় রেখে মজবুত ও উন্নতমানের স্টেজ, প্যান্ডেল, সাউন্ড সিস্টেম, চেয়ার-টেবিল, ফ্যান, লাইট ইত্যাদি তৈরী/স্থাপন করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৮ : মোমিনপুর- গোগাউড়া LINIC সভাপতি শিপন বেগমের বাড়ির উঠানে এলাকার দরিদ্র ও সুবিধাবঞ্চিত নারীদের অংশগ্রহণে সচেতনতামূলক উঠান বৈঠক অনুষ্ঠিত হবে। সেখানে ঝড়বৃষ্টির সম্ভাবনার বিষয়টি বিবেচনায় রেখে মজবুত আকারে প্যান্ডেল, চেয়ার-টেবিল, সাউন্ড সিস্টেম, ফ্যান, লাইট ইত্যাদি তৈরী/স্থাপন করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.৯ : উপরোক্ত সকল অনুষ্ঠান ও কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সকল ব্যয় পৌরসভার নিজস্ব রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হবে।<br><br>সিদ্ধান্ত ১.১০. রিভিউ মিশন টিমের সফর সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত সহায়ক কমিটির সদস্যবৃন্দ ও পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীকে বিশেষভাবে দায়িত্ব পালন করবেন। | |
| ০২ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় পৌরসভার বিভিন্ন কর, ফি ইত্যাদি আদায় জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। সদ্য সমাপ্ত ২০২৫-২০২৬ অর্থ বছরে নন-টেক্স রেভেন্যু আদায় লক্ষ্যমাত্রা অর্জিত হলেও হোল্ডিং টেক্স আদায়ের লক্ষ্যমাত্রা অর্জিত হয় নাই (আদায়ের হার ৭২%)। সভাপতি জানান যে,অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ন। প্রকল্পের ২টি পার্ট রয়েছে, একটি গভার্ন্যান্স এবং অপরটি ইন্সফারস্ট্রাকচার ডেভেলপমেন্ট। গভার্ন্যান্স এর আওতায় প্রনীত UGIAP এর ৯টি এরিয়ার ২৮টি কর্মতৎপরতা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে, অন্যথায় ইন্সফারস্ট্রাকচার উন্নয়নের জন্য বরাদ্ধ পাওয়ার ক্ষেত্রে জঠিলতা তৈরী হতে পারে। কাজেই প্রকল্পের শর্তাবলী পুরণসহ পৌরবাসীকে উন্নত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য । পৌরসভার হোল্ডিং ও নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। চলতি অর্থ বছরের হোল্ডিং টেক্স এর বিল কপি দ্রুত করদাতাদের নিকট পৌছাতে হবে। জেনারেল রি-এসেসমেন্ট কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত ২.১:** হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি এর বিল কপি দ্রুত সংশ্লিষ্ট করদাতাদের নিকট পৌছানো নিশ্চিত করতে হবে। | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত ২.২ : চলমান জেনরেল রি-এসেসমেন্ট কার্যক্রম দ্রুত সম্পন্ন করে নতুনভাবে কর মূল্যায়ন ও কর নির্ধারণ চূড়ান্ত করতে হবে। | |
| ০৩ | উন্নয়নমূলক কর্মকান্ড সংক্রান্ত : | উপ সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, এডিপি, আইইউজিআইপি, কোভিড-১৯, প্রকল্পের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। আইইউজিআইপি প্রকল্পের কাজের অগ্রগতির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে।<br><br>তিনি আরো জানান যে, ADB & AFD Review Mission Team পৌরসভার বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহন করবেন। মিশন টীমসহ জনসাধারনের যাতায়াতের সুবিধার্থে (সাম্প্রতিক অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ) নিম্নোক্ত রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত/ সংস্কার/উন্নয়ন করা প্রয়োজন :<br><br>(১) Review Mission Team আগমন উপলক্ষ্যে পৌর ভবন, উপজেলা গেইট, রাস্তার পার্শ্বের বাউন্ডারির গ্রীল রংকরণ, পৌরসভার অভিযোগ ও তথ্য সেবা কেন্দ্র সংস্কার।<br>(২) পৌরসভার মাছ বাজার ও সবজি বাজারের পাবলিক টয়লেটটি ইজারা প্রদান করা হয়েছে। এটিকে ব্যবহার উপযোগী করার লক্ষ্যে কিছু মেরামত/সংস্কার করা প্রয়োজন।<br>(৩) পৌরসভার ৯ নং ওয়ার্ডের বাল্লা রোড হতে চন্দনা নালপাড় রোডের বিভিন্ন স্থানে জরুরী মেরামত/সংস্কার।<br>(৪) চুনারুঘাট পৌরসভার সতং রোড, উত্তর বাজার আর.এইচ.ডি এবং রাণীগাঁও রোডের বিভিন্ন স্থানে ডব্লিউ.বি.এম দ্বারা উন্নয়ন।<br>(৫) ১ নং ওয়ার্ডের গোগাউড়া ও মমিনপুর এলাকার বিভিন্ন রাস্তায় এবং শাকির মোহাম্মদপুর রোডের বিভিন্ন ভাঙ্গা অংশ জরুরীভিত্তিতে মেরামত।<br>(৬) চুনারুঘাট পৌরসভায় ঢাকা-সিলেট মহাসড়ক (পুরাতন) পৌরসভার সীমানার শুরু হতে শেষ পর্যন্ত বিভিন্ন স্থানে সৃষ্টি হওয়ায় বড় বড় গর্ত গুলো জরুরীভাবে মেরামত/সংস্কার।<br>(৭) ৯ নং ওয়ার্ডের আব্দুর রহমান সাহেবের বাসার সম্মুখ হতে হাতুন্ডা আরসিসি রাস্তা পর্যন্ত রাস্তা জরুরী মেরামত।<br><br>সিদ্ধান্ত ৩.১ : চলমান উন্নয়ন কাজসমূহ গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ৩.২ : IUGIP প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে ১০০% সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৩ : পৌর ভবন, উপজেলা গেইট, রাস্তার পার্শ্বের বাউন্ডারির গ্রীল রংকরণ, পৌরসভার অভিযোগ ও তথ্য সেবা কেন্দ্র সংস্কার কাজটি পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Mobil Maintenance খাত হতে বাস্তবায়ন করা হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৪ : পৌরসভার মাছ বাজার ও সবজি বাজারের পাবলিক টয়লেটটি ব্যবহার উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজটি পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Mobil Maintenance খাত হতে দ্রুত বাস্তবায়ন করা হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৫: পৌরসভার ৯ নং ওয়ার্ডের বাল্লা রোড হতে চন্দনা নালপাড় রডের বিভিন্ন স্থানে জরুরী মেরামত/সংস্কার কাজটি পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Mobile Maintenance খাত হতে দ্রুত বাস্তবায়ন করা হবে।<br>সিদ্ধান্ত ৩.৬ : চুনারুঘাট পৌরসভার সতং রোড, উত্তর বাজার আর.এইচ.ডি এবং রাণীগাঁও রোডের বিভিন্ন স্থানে ডব্লিউ.বি.এম দ্বারা উন্নয়ন কাজটি পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Mobil Maintenance খাত হতে জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৭ : ১ নং ওয়ার্ডের গোগাউড়া ও মমিনপুর এলাকার বিভিন্ন রাস্তায় এবং শাকির মোহাম্মদপুর রোডের বিভিন্ন ভাঙ্গা অংশ পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Mobil Maintenance খাত হতে জরুরী ভিত্তিতে মেরামত করা হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৮ : চুনারুঘাট পৌরসভায় ঢাকা-সিলেট মহাসড়ক (পুরাতন) পৌরসভার সীমানার শুরু হতে শেষ পর্যন্ত বিভিন্ন স্থানে সৃষ্টি হওয়ায় বড় বড় গর্ত গুলো জরুরীভাবে মেরামত/সংস্কার পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Oparetion & Maintanance খাত হতে দ্রুত বাস্তবায়ন করা হবে।<br><br>সিদ্ধান্ত ৩.৯ : পৌরসভার ৯ নং ওয়ার্ডের আব্দুর রহমান সাহেবের বাসার সম্মুখ হতে হাতুন্ডা আরসিসি রাস্তা পর্যন্ত রাস্তাটি পৌর রাজস্ব তহবিলের অর্থায়নে Oparetion & Maintanance খাত হতে দ্রুত বাস্তবায়ন করা হবে। | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী (Oparetion & Maintanance) |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | বর্জ্য ব্যবস্থাপনা ও ড্রেনেজ ব্যবস্থাপনা কার্যক্রম সংক্রান্ত - | সভায় শহরের বর্জ্য ব্যবস্থাপনা ও ড্রেনেজ ব্যবস্থাপনা কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। দায়িত্বপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা (হিসবরক্ষণ কর্মকর্তা ) সভায় জানান যে, বর্জ্য ব্যবস্থাপনা ও ড্রেনেজ ব্যবস্থাপনা কার্যক্রম সুন্দর ও স্বাভাবিক ভাবে চলমান আছে। পৌরসভায় নিয়োজিত দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্ন কর্মী শ্রমিকগণ দিনের বেলায় ড্রেণ, রাস্তাঘাট, ডাস্টবিনের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন ও অপসারণ কাজ করে যাচ্ছে। ডে শিপ্টে ১টি টিম শহরের উত্তরাংশে (৫টি ওয়ার্ডের) এবং অপর, ১টি টিম দক্ষিনাংশের (৪টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য , বিভিন্ন অফিস-আদালত, উপজেলা কমপ্লেক্স, হাসপাতাল কমপ্লেক্স, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন /অপসারণ করে যাচ্ছে এবং অন্য ১টি টিম ভোর বেলায় শহরের বিভিন্ন স্থানে স্থাপিত সকল ডাস্টবিনের ময়লা আবর্জনা অপসারনের কাজ সমপন্ন করছেন। তাছাড়া নাইট শিপ্টের শ্রমিকগণ ২টি টিমে ভাগ হয়ে শহরের রাস্তাঘাট, বিভিন্ন অফিস কমপ্লেক্স, হাসপাতাল , হাট-বাজার ঝাড়ু দিয়ে ময়লা আবর্জনা পরিস্কার-পরিচ্ছন্ন ও অপসারনের কাজ করে যাচ্ছে।<br><br>**সিদ্ধান্ত ৪.১ :** রাস্তাঘাট, হাট বাজার, বিভিন্ন অফিস কমপ্লেক্স, হাসপাতাল, ড্রেন, ডাস্টবিন ইত্যাদি নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ গতিশীল রাখতে হবে। শহরের যে সকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে, সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে।<br><br>**সিদ্ধান্ত ৪.২ : রোগ-**জীবানু এবং দুর্গন্ধ দূরীকরনের লক্ষ্যে ময়লা আবর্জনার স্তুপ. ডাস্টবিন ও অন্যান্য গুরুত্বপূর্ল স্থানে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৫ | সড়ক বাতি রক্ষনাবেক্ষণ | সভায় চুনারুঘাট পৌরসভার সড়কবাতি রক্ষণাবেক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনসাধারণের নির্বিঘ্নে চলাচল, দুর্ঘটনার, চুরি, ছিনতাই রোধকল্পে সড়কবাতি সমূহ সর্বাবস্থায় সচল রাখার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।<br><br>**সিদ্ধান্ত :** ক্ষতিগ্রস্ত বৈদ্যুতিক তার ও সড়কবাতির বাল্ব নিয়মিত চিহ্নিতকরণপূর্বক মেরামত ও প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। পৌরসভার রাজস্ব তহবিলের অর্থায়নে প্রয়োজনীয় বৈদ্যুতিক উপকরণাদি (তার, বাল্ব ইত্যাদি) ক্রয় করে তাৎক্ষণিকভাবে সড়কবাতি মেরামত ও চালুকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে, নিয়মিত তদারকি ও প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী। |
| ০৬ | Pourashava Web-site & Different Software Develop & Maintenance. | পৌরসভার ১. (ক) পৌরসভার নিজস্ব ডায়নামিক ওয়েবসাইট, (খ) সার্টিফিকেট সফটওয়্যার, (গ) হোল্ডিং টেক্স সফটওয়্যার, (ঘ) কর আদায় সফটওয়্যার, (ঙ) ট্রেড লাইসেন্স সফটওয়্যারের জুলাই ২০২৬ হতে জুন ২০২৭ পর্যন্ত সময়ের রক্ষনাবেক্ষণ চার্জ এবং ২. পৌরসভার চাহিদা মোতাবেক সফটওয়্যার সেবা উন্নয়নের লক্ষ্যে অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০২৬) সিস্টেম আপগ্রেডেশন চার্জ পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।<br><br>One robb IT প্রতিষ্ঠান এর সাথে সম্পাদিত চুক্তির ৩ নং ক্রমিকের শর্তানুযায়ী ওয়েবসাইট এবং ৪ টি সফটওয়্যারের বার্ষিক Maintenance চার্জ বাবদ ৩,৪৭,৮০০/- টাকা পাওনা রয়েছে।<br><br>তাছাড়া চুক্তির ১৩ নং ক্রমিকের শর্তানুযায়ী সফটওয়্যার সিস্টেম আপগ্রেডেশন বাবদ আই.টি প্রতিষ্ঠান One robb IT কর্তৃক ৭৫,০০০/- টাকা বিল দাবী করা হয়েছে। চুক্তির ১৩ নং ক্রমিকে এ বিষয়টি আলোচনার মাধ্যমে নির্ধারনের কথা উল্লেখ রয়েছে। সফটওয়্যার সিস্টেম আপগ্রেডেশন এর অর্ধ-বার্ষিক চার্জ বাবদ দাবীকৃত =৭৫,০০০/- (পঁচাত্তর হাজর) টাকার পরিবর্তে =৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা নির্ধারনের পক্ষ্যে সভায় মতামত প্রদান করা হয়।<br><br>উল্লেখিত ওয়েবসাইট ও সফটওয়্যারের জুলাই ২০২৬-জুন ২০২৭ সময়ের বার্ষিক Maintenance চার্জ এবং সফটওয়্যার সিস্টেম আপগ্রেডেশন এর অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর ২০২৬) চার্জ পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলাপ-আলোচনান্তে পৌর রাজস্ব তহবিলের স্বল্পতার দরুণ, উন্নয়ন সহায়তা (এডিপি) তহবিল হতে উল্লেখিত পাওনা পরিশোধের বিষয়ে সকলেই একমত পোষন করেন।।<br><br>সিদ্ধান্ত : চুক্তি অনুযায়ী ১. (ক) পৌরসভার নিজস্ব ডায়নামিক ওয়েবসাইট, (খ) সার্টিফিকেট সফটওয়্যার, (গ) হোল্ডিং টেক্স সফটওয়্যার, (ঘ) কর আদায় সফটওয়্যার, (ঙ) ট্রেড লাইসেন্স সফটওয়্যার এর জুলাই ২০২৬ হতে জুন ২০২৭ পর্যন্ত সময়ের রক্ষনাবেক্ষণ চার্জ বাবদ =৩,৪৭,৮০০/- (তিন লক্ষ সাতচল্লিশ হাজার আটশত) টাকা এবং সফটওয়্যার সিস্টেম আপগ্রেডেশন এর অর্ধ-বার্ষিক চার্জ বাবদ =৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা উন্নয়ন সহায়তা (এডিপি) তহবিল হতে "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পৌরসভার অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্ধ ও ব্যবহার নির্দেশিকা ২০২৪" এর ক্রমিক ৬.১(৮) এ বর্ণিত "তথ্য ও যোগাযোগ প্রযুক্তি" খাতের বরাদ্ধ হতে পরিশোধ করা হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৭ | যানবাহন রক্ষনাবেক্ষণ | সভায় পৌরসভার যানবাহন রক্ষাবেক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। সভায় সকলকে অবহিত করা হয়- বর্তমানে ৪টি গার্ভেজ ট্রাক, ১টি পানির ট্রাক, ১টি এসেকেভেটর, ১টি রোড রোলান, ১টি পে-লোডার, ৫টি সিএনজি ভ্যান রয়েছে। পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা, ডেনেজ ব্যবস্থাপনা , সড়কবাতি রক্ষাবেক্ষণ, রাস্তাঘাট রক্ষনাবেক্ষণ কাজে এগুলো ব্যবহৃত হয়ে থাকে। পৌরসভার মূল্যবান সম্পত্তি হিসেবে উল্লেখিত যানবাহনগুলোর যথাযথ রক্ষনাবেক্ষনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।<br><br>সিদ্ধান্ত : পৌরসভার মালিকানাধীন সকল যানবাহনের যথাসময়ে প্রয়োজনীয় সার্ভিসিং, মবিল পরিবর্তনসহ যথাযথ রক্ষনাবেক্ষণ কাজ সম্পন্ন করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

22/9/26

(গালিব চৌধুরী)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/৯৬৬ তারিখ : ২২.০৭.২০২৬ খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব ..........................................................................
১০। অফিস নথি।

22/9/26

গালিব চৌধুরী
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।